# গোপালগঞ্জ পৌরসভা কার্যালয়

## গোপালগঞ্জ।

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মুলমন্ত্র

### নগর সমন্বয় কমিটির (TLCC) বিশেষ সভার কার্যবিবরণী

(গোপালগঞ্জ পৌরসভার ২০২০-২০২১ অর্থ বছরের খসড়া বাজেট পর্যালোচনা)

| সভার স্থান ঃ পৌর সম্মেলন কক্ষ | সভার তারিখ ঃ ২১/৬/২০২০ | সভার সময় ঃ ১১.০০ ঘটিকা | সভার সভাপতি ঃ জনাব কাজী লিয়াকত আলী, মেয়র, গোপালগঞ্জ পৌরসভা। |
|---|---|---|---|
| সভার উপস্থিতি ঃ পরিশিষ্ট - 'ক' দ্রষ্টব্য | | | |
| আলোচ্যসূচী - ১ ঃ বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদনঃ | | | |
| **বিগত সভার কার্যবিবরণী পাঠ** | **কার্যবিবরণীর সঠিকতা বিষয়ক আলোচনা** | **প্রয়োজনীয় সংশোধন (যদি থাকে)** | **সিদ্ধান্ত (নিশ্চিতকরন/অনুমোদন সংশোধনসহ বা ব্যতিত)** |
| ১। কার্যবিবরণী পাঠ করেন জনাব কে, জী, এম, মাহামুদ, সচিব, গোপালগঞ্জ পৌরসভা। | গত সভার কার্যবিবরণী সকল সদস্যদের মাঝে বিতরণ করা হয়েছে। উহা পাঠান্তে ও আলোচনান্তে সঠিক পাওয়া গেছে। | কোন সংশোধনীর প্রয়োজন হয় নাই। | সর্বসম্মতক্রমে সংশোধনী ব্যতিত নিশ্চত করন করা হয়। |

**আলোচ্যসূচি-১ঃ গোপালগঞ্জ পৌরসভার ২০২০-২০২১ অর্থ বছরের খসড়া বাজেট পর্যালোচনা ও পরবর্তী কার্যক্রম সর্ম্পকে সিদ্ধান্ত গ্রহণ**

| ক্রমিক নং | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশ সমূহ | সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতির মাত্রা | পরবর্তী গৃহীত সিদ্ধান্ত সুপারিশসমূহ | সিদ্ধান্ত বাস্তবায়নের দায়ীত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা/গ্রুপ | কাজ বাস্তবায়নের নির্ধারিত সময় |
|---|---|---|---|---|---|
| ১ | গোপালগঞ্জ পৌরসভার ২০১৯-২০২০ অর্থ বছরের সংশোধিত বাজেট ও ২০২০-২০২১ অর্থ বছরের সম্ভাব্য খসড়া বাজেট টিএলসিসি এর সভায় উপস্থাপন। | ১০০% | গোপালগঞ্জ পৌরসভার ২০১৯-২০২০ অর্থ বছরের সংশোধিত বাজেট এবং ২০২০-২০২১ অর্থ বছরের খসড়া বাজেট টিএলসিসি এর সভায় উথাপন করা হয়েছে। | হিসাব রক্ষন কর্মকর্তা গোপালগঞ্জ পৌরসভা | ৩০দিন |

২ঃ কমিটির উদ্দেশ্য ও কার্য পরিধির আলোকে আলোচনা ও সিদ্ধান্ত সমুহ

| ক্রমিক নং | পূর্ব নির্ধারিত আলোচ্য সুচি | আলোচনা | সিদ্ধান্ত /সুপারিশ | সিদ্ধান্ত বাস্তবায়নের দায়ীত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা/গ্রুপ | কাজ বাস্তবায়নের নির্ধারিত সময় |
|---|---|---|---|---|---|
| ১ | ২০২০-২০২১ অর্থ বছরের খসড়া বাজেট সংক্রান্ত | বাজেট প্রনয়ন কমিটির সদস্য সচিব ও হিসাব রক্ষন কর্মকর্তা, এস এম সাজ্জাদ হোসেন ২০২০-২০২১ অর্থ বছরের মুল বাজেটের বিভিন্ন দিক সর্ম্পকে উপস্থাপন করেন। তিনি জানান ২০২০-২০২১ অর্থ বছরের খসড়া বাজেটে আয় ধরা হয়েছে ৭১,০১,৭৮,৭৫৫/- টাকা এবং ব্যয় ধরা হয়েছে ৬৮,৫৫,৭৫,৮৭৮/- টাকা। সভাপতি মহোদয় উপস্থিত সদস্যদেরকে উক্ত খসড়া বাজেটের বিভিন্ন খাতের বরাদ্দ হ্রাস বৃদ্ধি বিষয়ক মতামত প্রদানের জন্য অনুরোধ করেন। | গোপালগঞ্জ পৌর পরিষদের সভায় ২০২০-২০২১ অর্থ বছরের খসড়া বাজেট এর বিভিন্ন খাতের বরাদ্দ হ্রাস বৃদ্ধি বিষয়ক সম্মানীত সদস্যদর মতামত ও সুপারিশ পরবর্তি পৌর পরিষদের সভায় উত্থাপন করা হবে। | সচিব ও হিসাব রক্ষন কর্মকর্তা গোপালগঞ্জ পৌরসভা | ১৫ দিন |

আলোচ্যসূচি-৩ঃ বিবিধ আলোচনা (যদি থাকে)

| ক্রমিক নং | সদস্যগনকর্তৃক উত্থাপিত অনির্ধারিত আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত /সুপারিশ | সিদ্ধান্ত বাস্তবায়নের দায়ীত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা/গ্রুপ | কাজ বাস্তবায়নের নির্ধারিত সময় |
|---|---|---|---|---|---|
| ১ | স্বাস্থ্য খাতে ব্যয় বৃদ্ধি | পেশাজীবি সংগঠনের প্রতিনিধি জনাব শাহজাহান মোল্লা সভায় জানান বর্তমানে করোনা ভাইরাস এর প্রাদুর্ভাব বৃদ্ধি হওয়ায় স্বাস্থ্য বিষয়ক খাতে ব্যয় বৃদ্ধি করা আবশ্যক। তিনি উক্ত খাতে বরাদ্দ বাড়নোর বিষয়ে মতামত ব্যক্ত করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | স্বাস্থ্য বৃদ্ধি খাতে আরো ৫,০০,০০০/- টাকা বরাদ্দ রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | সচিব ও হিসাব রক্ষন কর্মকর্তা গোপালগঞ্জ পৌরসভা | ১৫ দিন |
| ২. | পরিচ্ছন্নতা ও উন্নয়ন খাতে ব্যয় বৃদ্ধি | নাগরিক সমাজের প্রতিনিধি জনাব এমদাদুল হক সভায় জানান বর্তমানে বর্ষা মৌসুম পানিবাহিত রোগ জীবানুসহ ডেঙ্গু মশার উপদ্রব বেড়েছে তাই এলাকা পরিচ্ছন্নরাখা আবশ্যক তিনি পরিচ্ছন্নতা কাজে জন্য ব্যয় বৃদ্ধির প্রস্তাব করেন। সাংস্কৃতিক সংগঠনের প্রতিনিধি জনাব মাহে আলম উন্নয়ন ও ধর্মীয় প্রতিষ্ঠানের ব্যয় বৃদ্ধির প্রস্তাব করেন ব্যাপারে একমত পোষন করেন। | পরিচ্ছন্নতা , উন্নয়ন ও ধর্মীয় খাতে বরাদ্দ বৃদ্ধি করে করার সিদ্ধান্ত গৃহীত হয় । | সচিব ও হিসাব রক্ষন কর্মকর্তা গোপালগঞ্জ পৌরসভা | ১৫ দিন |
| ৩. | ডাম্প ট্রাক মেরামত খাতে ব্যয় বৃদ্ধি | কঞ্জারভেন্সী ইন্সপেক্টর সভায় জানান ময়লা আবর্জনা পরিস্কার কাজে ব্যবহৃত ডাম্প ট্রাকের মেরামত ব্যয় আলাদাভাবে নির্ধারন করার প্রস্তাব রাখেন | ডাম্প ট্রাক মেরামত খাত আলাদা করন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সচিব ও হিসাব রক্ষন কর্মকর্তা গোপালগঞ্জ পৌরসভা | ১৫ দিন |

এছাড়া অন্যান্য দের মধ্যে বক্তব্য রাখেন কাউন্সিলর, মোঃ আলীমুজ্জামান বিটু, কাউন্সিলর, আল আমিন, কাউন্সিলর, আতিকুর রহমান পিটু,খাদিজা বেগম, সাইয়েদা আক্তার এনজিও প্রতিনিধি, জনাব রুনু বেগম,মলিবালা, দরিদ্র শ্রেনীর প্রতিনিধি মরিয়ম আক্তার, পপি আহম্মেদ ও শিমু বেগম ।

বাজেট বিষয়ে বিস্তারিত আলোচনান্তে আয় ও ব্যয়ের বিভিন্ন খাত হ্রাস বৃদ্ধি করে বাজেটে আয় ধরা হয়েছে ১৪৯,৮২,২৫,৮০৩.৯৬ টাকা এবং ব্যয় ধরা হয়েয়ে ১৪৯,৩৫,৭৫,৮৭৮.১৮ টাকা এবং উদ্বৃত্ত ধরা হয়েছে ৪৬,২৯,৯২৫.৭৮ টাকা ।

পরিশেষে সভাপতি মহোদয় পৌরসভার উন্নয়নে সকলকে সর্বাত্মক সহযোগীতা করার আহবান জানিয়ে এবং উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপন করে গোপালগঞ্জ পৌরসভার ২০১৯-২০২০ অর্থ বছরের সংশোধিত বাজেট অনুমোদনসহ ২০২০-২০২১ অর্থ বছরের জন্য ১৪৯,৩৫,৭৫,৮৭৮.১৮ টাকার বাজেট চুড়ান্ত করার সিদ্ধান্ত গ্রহন করে সভার সমাপ্তি ঘোষনা করেন ।

(কাজী লিয়াকত আলী)

**মেয়র**
**গোপালগঞ্জ পৌরসভা**
**ও**
**সভাপতি**
**নগর সমন্বয় কমিটির (TLCC)**

স্মারক নং- গোঃপৌঃ/ ১৫০১/৫০ তারিখ ঃ ২৫/৬/২০২০

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে ।

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়নও সমবায় মন্ত্রনালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা ।
২. প্রকল্প পরিচালক, তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ (সেক্টর) প্রকল্প (UGIIP-III)
   এলজিইডি ভবন লেভেল-১২, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭ ।
৩. জনাব/জনাবা ................................................ সম্মানিত সদস্য, TLCC কমিটি, গোপালগঞ্জ পৌরসভা ।
৪. শহর পরিকল্পনাবিদ,গোপালগঞ্জ পৌরসভা । তাকে পিডিপি আপগ্রেড করার জন্য বলা হলো ।
৫. উপ-সহকারী প্রকৌশলী(বিদ্যুৎ),গোপালগঞ্জ পৌরসভা । তাকে টিএলসিসি এর সভার কার্যবিবরনী ওয়েব সাইটে প্রকাশের জন্য বলা হলো ।
৬. হিসাব রক্ষন কর্মকর্তা (ভারপাপ্ত), গোপালগঞ্জ পৌরসভা ।

মেয়র
গোপালগঞ্জ পৌরসভা ।